গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৬.১৮-৬০

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৭ ব.
১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭১৪১/২০১৬ মামলার ২৮/০১/২০১৯ তারিখের রায়/নির্দেশনার আলোকে উক্ত রিট মামলার ০২ জন পিটিশনার-কে সহকারী গ্রন্থাগারিক পদে জুলাই/২০১০ মাস হতে এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

সূত্রঃ
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১৪/বিবিধ-১-৮/২০১০/৪১৬, তারিখ: ২৫.১০.২০১১ খ্রি
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১৪/বিবিধ-১-৮/২০১০/১৪৩/২০, তারিখ: ১৫.০৪.২০১২ খ্রি
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৬.১৮-১৭৪ তারিখ: ১৯/০৭/২০২০ খ্রি.
(৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৭.১০.০০১.১৯-১৭৭, তারিখ: ০১/১১/২০২০ খ্রি.
(৫) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৬.১৮-৪৪৭ তারিখ: ০৯/১২/২০২০ খ্রি.
(৬) জেলা শিক্ষা অফিসার, মাগুরা'র স্মারক নং-৩৭.০২.৫৫০০.০০১.১৩.২৯৪.২১-০৬৫, তারিখ: ২০/০১/২০২১খ্রি.
(৭) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.১১.০০৯.২০-৩৩, তারিখ: ২৭/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় হতে গত ২৫.১০.২০১১ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত গত ৪ ফেব্রুয়ারি ২০১০ খ্রি. তারিখে জারিকৃত নির্দেশিকা সংশোধন করা হয়।

২। উক্ত ২৫.১০.১১ তারিখে জারীকৃত সূত্রোক্ত (১) নং স্মারকের সংশোধনী নির্দেশিকার (ঘ) অনুচ্ছেদে **"মাধ্যমিক / উচ্চ মাধ্যমিকের ন্যায় দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিকের পদ অন্তর্ভূক্ত করা হয়"**।

৩। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৫.০৪.২০১২ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের মাধ্যমে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে ২৫.১০.১১ তারিখে অন্তর্ভূক্তকৃত **"উক্ত পরিপত্রের গ ও ঘ অনুচ্ছেদে উল্লিখিত জনবল নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, বেতন কাঠামো নির্ধারণ ও নিয়োগ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত এ সকল পদে নিয়োগ দেয়া যাবে না"** মর্মে উল্লেখ করা হয়।

৪। অতঃপর ২৫.১০.১১ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের মাধ্যমে **সহকারি গ্রন্থাগারিকের পদ** অন্তর্ভুক্ত করে পুনরায় ১৫.০৪.২০১২ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে উক্ত পদে নিয়োগ কার্যক্রম স্থগিতাদেশ প্রদানের মধ্যবর্তী প্রায় ০৬ (ছয়) মাস সময়ের মধ্যে দেশের বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগপ্রাপ্ত হয়ে স্ব-স্ব প্রতিষ্ঠানে কর্মরত থাকেন।

৫। পরবর্তীতে উক্ত সহকারী গ্রন্থাগারিকগণের মধ্যে হতে জনাব খালেদা আক্তার গং কর্তৃক এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাউশিঅ বরাবর ১০/০২/২০১৭ তারিখে আবেদন করে কোন প্রতিকার না পাওয়ায় (এমপিওভুক্ত না করায়) আবেদনকারীগণের মধ্য থেকে জনাব মো: সাইফুল্লাহ গং ৩৭ (সাঁইত্রিশ) জন কর্তৃক যোগদানের তারিখ হতে এমপিওভুক্ত করার দাবীতে উকিল নোটিশ প্রেরণ করে কোন প্রতিকার না পাওয়ায় পরবর্তীতে এমপিওভুক্ত করার দাবীতে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭১৪১/২০১৬ দায়ের করা হয়।

৬। উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ২৮/০১/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশে পিটিশনারগণ-কে এমপিওভুক্তির বিষয়ে ৩১/০৫/১৬ তারিখে দাখিলকৃত উকিল নোটিশটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ১ নং রেসপনডেন্ট (সচিব, শিক্ষা মন্ত্রণালয়) এর প্রতি নিম্নরুপ নির্দেশনা দেয়া হয়- Accordingly. Secretary. Ministry of Education (respondent No. 1) is directed to dispose of the petitioners' notice demanding justice dated 31.05.2016 (Annexure-L) within a period of 60 (sixty) days, in accordance with law. from the date of receipt of this judgment

৭। রিট মামলার উক্ত রায়/নির্দেশনার আলোকে তথ্যাদি যাচাইক্রমে ইতিপূর্বে ৩৭ জন আবেদনকারীর মধ্যে ৩৫ (পঁয়ত্রিশ) জন সহকারী গ্রন্থাগারিক-কে এমপিওভুক্তির জন্য এবং ০২ (দুই) জনের তথ্য যাচাইয়ের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দিয়ে টিএমইডি হতে গত ১৯/৭/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।

৮। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ডিএমই কর্তৃক উল্লিখিত ০২ (দুই) জন সহকারী গ্রন্থাগারিক এর তথ্যাদি গত ০১/১১/২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে সুস্পষ্ট প্রস্তাব ব্যতিত টিএমইডিতে প্রেরণ করা হয়। ফলে সুস্পষ্ট প্রস্তাবসহ তথ্য প্রেরণের জন্য টিএমইডি হতে গত ০৯/১২/২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে পুনরায় ডিএমই-তে প্রেরণ করা হয়।

৯। অতঃপর ডিএমই'র নির্দেশনার প্রেক্ষিতে উক্ত ০২ (দুই) জন সহকারী গ্রন্থাগারিক এর তথ্যাদি জেলা শিক্ষা অফিসার, মাগুরা কর্তৃক পুনরায় যাচাই করে ২০/০১/২১খ্রি. তারিখে সূত্রোক্ত (৬) নং স্মারকমূলে ডিএমইতে প্রেরণ করা হয়। প্রেরিত ০২ জন সহকারী গ্রন্থাগারিক এর তথ্যাদি নিম্নরুপ-

| ক্র: নং | জেলার নাম | সহকারী গ্রন্থাগারিকের নাম | প্রতিষ্ঠানের নাম ও উপজেলা (যে প্রতিষ্ঠানের যোগদান করে কর্মরত মর্মে উল্লেখ করা হয়েছে) | নিয়োগের তারিখ | যোগদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | মাগুরা | জনাব সখিনা খাতুন | বলাই নায়েবা দাখিল মাদ্রাসা, উপজেলা- শালিখা | ২৪/০৩/২০১২ | ২৭/০৩/২০১২ | নিয়োগ এবং যোগদান শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত সময়ের মধ্যে হওয়ায় এমপিওভুক্তির যোগ্য |
| ২ | | জনাব মো: ইয়াকুব আলী | কোটভাগ দাখিল মাদ্রাসা, উপজেলা- শালিখা | ১৫/০৩/২০১২ | ১৭/০৩/২০১২ | |

১০। জেলা শিক্ষা অফিসার, মাগুরা কর্তৃক প্রেরিত তথ্যাদি সঠিক মর্মে পূর্বে এমপিওভুক্তির নির্দেশনাপ্রাপ্ত ৩৫ (পঁয়ত্রিশ) জন সহকারী গ্রন্থাগারিক-এর ন্যায় তাদেরকেও এমপিওভুক্ত করা যায় মর্মে ডিজি, ডিএমই কর্তৃক ২৭/০১/২০২১খ্রি. তারিখে সূত্রোক্ত (৭) নং স্মারকমূলে মতামত ব্যক্ত করা হয়।

Scanned with CamScanner

১১। যেহেতু যৌক্তিকতা থাকায় (শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত মেয়াদের মধ্যে নিয়োগ সম্পন্ন হওয়ায়) একই রিট মামলার পিটিশনারগণের মধ্য হতে ইতিপূর্বে ৩৫ (পঁয়ত্রিশ) জন সহকারী গ্রন্থাগারিক-কে এমপিওভুক্তির জন্য গত ১৯/৭/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত ৯৩) নং স্মারকে টিএমইডি হতে জি.ও জারী হয়েছে সেহেতু একই বিধানের আলোকে (অর্থাৎ ২৫/১০/১১ থেকে ১৫/০৪/১২ সময়ের মধ্যে) নিয়োগ ও যোগদান মর্মে যাচাইয়ান্তে প্রমাণিত হওয়ায় আলোচ্য ০২ (দুই) জন সহকারী গ্রন্থাগারিকও পূর্বে সুবিধাপ্রাপ্ত ৩৫ জনের অনুরূপ সুবিধা (এমপিও) পাওয়ার হকদার।

১২। এমতাবস্থায়, **মাগুরা জেলার, শালিখা উপজেলাধীন বলাই নাঘোষা দাখিল মাদ্রাসা'র জনাব সখিনা খাতুন এবং একই উপজেলার কোটভাগ দাখিল মাদ্রাসা'র জনাব মো: ইয়াকুব আলী "সহকারী গ্রন্থাগারিক" দ্বয়** এর বিষয়ে যাচাইয়ে চাহিতমতে আইনানুগ তথ্য পাওয়ায় স্ব-স্ব পদে ও প্রতিষ্ঠানে জুলাই/২০২০ মাস (যেহেতু একই রিট মামলার ৩৫ জন পিটিশানাকে ইতিপূর্বে জুলাই/২০ মাস হতে এমপিও দেয়ার নির্দেশনা দেয়া হয়েছে) হতে তাদের এমপিওভুক্ত করার ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১৫/০৩/২০২১খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে compliance report প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

১৭/০২/২০২১

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
৭। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
৮। সুপারিনটেনডেন্ট, বলাই নাঘোষা দাখিল মাদ্রাসা, উপজেলা-শালিখা / কোটভাগ দাখিল মাদ্রাসা, উপজেলা- শালিখা, জেলা-মাগুরা।
৯। অফিস কপি/মাস্টার কপি।

Scanned with CamScanner